

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার
(দ্রাণ ও পুনর্বাসন শাখা)
www.moulvibazar.gov.bd

স্মারক নং ৫১.০১.৫৮০০.০০০.১৪.০১১.২৩-৪৬০

তারিখ ২৬ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ।
২৬ কার্তিক ২০২৩ খ্রিষ্টাব্দ।

বিষয়: ২০২৩-২০২৪ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা-কাবিখা) কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকাভিত্তিক উন্নয়ন খাতে ২য় পর্যায়ে বরাদ্দপ্রাপ্ত খাদ্যশস্যের (চাল) দ্বারা বাস্তবায়নযোগ্য প্রকল্প তালিকা অনুমোদন প্রসঙ্গে।

- সূত্র: ১। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা ২৯.১০.২০২৩ খ্রি: তারিখের ৫১.০১.০০০০.০১১.১৪.০০১.২৩.৩৪৩ নং স্মারক।
২। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কমলগঞ্জ এর ০৬.১১.২০২৩ খ্রি: তারিখের ৫১.০১.৫৮৫৬.০০০.৪১.১১২.২৩.১৫৬ নম্বর স্মারক।
৩। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বড়লেখা এর ০৬.১১.২০২৩ খ্রি: তারিখের ৫১.০১.৫৮১৪.০০০.৪১.১৬৪.২৩.১১৩৩ নম্বর স্মারক।
৪। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জুড়ী এর ০৯.১১.২০২৩ খ্রি: তারিখের ৫১.০১.৫৮৩৫.০০০.১৪.০৯০.২৩.৩৭০ নম্বর স্মারক।
৫। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মৌলভীবাজার সদর এর ১২.১১.২০২৩ খ্রি: তারিখের ৫১.০১.৫৮৭৪.০০০.১৪.৪৬২.২৩.৪৩৬ নম্বর স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকাভিত্তিক ২য় পর্যায়ে উন্নয়ন খাতে কমলগঞ্জ, বড়লেখা, জুড়ী ও মৌলভীবাজার সদর উপজেলায় প্রাপ্ত বরাদ্দের বিপরীতে বাস্তবায়নের জন্য প্রকল্পের নামের তালিকা সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারগণ অনুমোদনের জন্য নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করেছেন।

গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা ২০২১ আলোকে আগামী জেলা কর্ণধার কমিটির সভায় অনুমোদন সাপেক্ষে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে নিম্নোক্তভাবে ও শর্তে এতদ্বারা উপ-বরাদ্দ প্রদান করা হলো।

ক্রম	উপজেলার নাম	প্রকল্প সংখ্যা	উপ-বরাদ্দকৃত খাদ্যশস্যের (চাল) পরিমাণ (মে.টন)	মন্তব্য
০১	কমলগঞ্জ	=০৬ (ছয়) টি	=৬৩ (তেষাট) মে.টন	
০২	বড়লেখা	=১১ (এগারো) টি	=৪০ (চল্লিশ) মে.টন	
০৩	জুড়ী	= ০৭ (সাত) টি	=২৩ (তেইশ) মে.টন	
০৪	মৌলভীবাজার সদর	=১২ (বারো) টি	=৩৭.৮০০ (সাতত্রিশ দশমিক আট শূন্য শূন্য) মে.টন	

২। এ ব্যয় বাজেট কোড নং ১৪৯০১০১-২১১০০০২০৩-৩৭২২১০১ (চাল) খাত হতে নির্বাহ করা হবে।

শর্তাবলী:

- ২০২৩-২০২৪ অর্থ বছরে বর্ণিত বরাদ্দের বিপরীতে প্রকল্প গ্রহণ, অনুমোদন ও বাস্তবায়ন আগামী ৩১.১২.২০২৩ খ্রি: তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে;
 - এ কর্মসূচির নগদ অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি বিধান এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ যথাযথভাবে অনুসরণ করতে হবে;
 - এ কর্মসূচির প্রকল্প গ্রহণ/বাছাই গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ এর অনুলিপি ৩, ৪ ও ৫ যথাযথভাবে অনুসরণ করতে হবে।
 - প্রি-ওয়ার্ক পরিমাপ বাধ্যতামূলক করা। প্রি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে রাখাসহ ভিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করা যাতে কর্মসূচির জরিপের একটি তুলনা করা সম্ভব হয়; প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন বাধ্যতামূলক করতে হবে;
 - নির্ধারিত সময়সীমার মধ্যে কাজ সম্পন্ন না হলে দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে প্রচলিত বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে;
 - প্রকল্প সূত্র বাস্তবায়নে সরকারি কর্মকর্তাদের পাশাপাশি জনপ্রতিনিধিদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করতে হবে;
 - বরাদ্দ প্রাপ্তির ১৫ (পনেরো) দিনের মধ্যে P.I.C গঠনসহ আনুষঙ্গিক কাজ সম্পূর্ণ করে প্রকল্প কাজ শুরু নিশ্চিত করা। অব্যয়িত নগদ অর্থ/খাদ্যশস্য যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করতে হবে;
 - নতুনভাবে তৈরীকৃত/সংস্কারকৃত গ্রামীণ রাস্তার দুই পার্শ্বে স্থানীয় কৃষি বিভাগীয় পরামর্শক্রমে আলগাছের চারা রোপনের কার্যক্রম অন্তর্ভুক্ত করতে হবে;
 - গৃহীত/প্রস্তাবিত প্রকল্প সরেজমিনে পরিদর্শন করে বরাদ্দকৃত অর্থ/ খাদ্যশস্য ছাড় করতে হবে;
 - উক্ত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করতে ব্যর্থ হলে ২য় কিস্তির বরাদ্দ বিবেচনা করা হবে না।
 - প্রকল্প বাস্তবায়নের মাসিক অগ্রগতির প্রতিবেদন এ কার্যালয় ও দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণ করতে হবে;
 - নিরীক্ষার জন্য হিসাব ও ভাউচার যথারীতি তীর কার্যালয়ে সংরক্ষণ করতে হবে।
- সংযুক্তি: বর্ণনামতে অনুমোদিত প্রকল্প তালিকা.....পাতা।

(ড. উম্মি বিনতে সালাম)

জেলা প্রশাসক

মৌলভীবাজার

ফোনঃ ০২৯৯৬৬৮৩২০২

dcmoulvibazar@mopa.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার

কমলগঞ্জ, বড়লেখা, জুড়ী ও মৌলভীবাজার সদর, মৌলভীবাজার।

(চলমান পাতা: ০২)

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে

- ১। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী ২৩৫, ২৩৭ ও ২৩৮ মৌলভীবাজার-১, ৩ ও ৪।
- ২। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ৪। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
- ৫। পরিচালক (মুওপ/কাবিখা), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ৬। উপ-পরিচালক (কাবিখা-১), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ৭। উপসচিব (বাজেট), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কমলগঞ্জ, বড়লেখা, জুড়ী ও মৌলভীবাজা সদর, মৌলভীবাজার।
- ৯। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা/ জেলা খাদ্য নিয়ন্ত্রক, মৌলভীবাজার।
- ১০। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কমলগঞ্জ, বড়লেখা, জুড়ী ও মৌলভীবাজা সদর, মৌলভীবাজার।
- ১১। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা/ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কমলগঞ্জ, বড়লেখা, জুড়ী ও মৌলভীবাজা সদর, মৌলভীবাজার।
- ১২। অফিস কপি।